দৈনিক সংবাদ

তারিখ ...25 SEP 1991...
পৃষ্ঠা ... ৯ ... কলাম ... ৬ ...

199

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# প্রশাসনিক ভবনে শিবিরের অবস্থান ধর্মঘট চলছে

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ২৪শে সেপ্টেম্বর।— চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে ইসলামী ছাত্র শিবিরের অবস্থান ধর্মঘট অব্যাহত রয়েছে। [শেষ]

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ঃ পৃঃ ৮ কঃ ৬

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ঃ অবস্থান চলছে

(১ম পাতার পর)

শিবিরকর্মীদের বাধার কারণে আজ মঙ্গলবার দ্বিতীয় দিনের কোন প্রশাসনিক কাজ হতে পারেনি। অন্যদিকে জামাতপন্থী শিক্ষকদের ক্লাস বর্জনের আহ্বান অগ্রাহ্য করে সাধারণ শিক্ষক আজো ক্লাস নিয়েছেন। এম,এ শেষ বর্ষের পরীক্ষাসমূহ সুষ্ঠভাবে অনুষ্ঠিত হয়েছে।

এদিকে, আকস্মিক এক ঘোষণায় বৃহস্পতিবার অনুষ্ঠেয় শিক্ষক সমিতির নির্বাচন স্থগিত করায় সাধারণ শিক্ষকদের মধ্যে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়েছে।

নির্বাচন স্থগিত রাখার প্রতিবাদে শিক্ষক সমাজ একটি বিবৃতি দিয়েছেন।

### অভিভাবক সমিতির উদ্বেগ

বিশ্ববিদ্যালয়ে দীর্ঘদিন ধরে বিরাজমান পরিস্থিতিতে আজ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অভিভাবক সমিতি গভীর উদ্বেগ ও উৎকন্ঠা প্রকাশ করেছে।

আজ বিকেলে সমিতির এক সভায় বক্তাগণ অভিযোগ করেন, ছাত্র শিবির নামে একটি চরম সন্ত্রাসী সংগঠন আন্দোলনের নামে নৈরাজ্যজনক অবস্থার সৃষ্টি করেছে।